

# পরিবেশবান্ধব পর্যটন নির্দেশিকা

সার্ভিস প্রভাইডারদের জন্য

ইকোট্যুরিজম শিল্পের উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প



# পরবেশবান্ধব পর্যটন নির্দেশিকা

সার্ভিস প্রভাইডারদের জন্য  
ইকোট্যুরিজম শিল্পের উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প



প্রকাশকাল

ডিসেম্বর ২০২০

প্রকাশনা উপদেশক

ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম  
সিনিয়র মহাব্যবস্থাপক, পিকেএসএফ

এস এম নিয়াজ মাহমুদ  
ভ্যালু চেইন স্পেশালিস্ট, পিকেএসএফ

সম্পাদনা

মোঃ আরিফুর রহমান  
প্রধান নির্বাহি, ইপসা

মোঃ মনজুর মোরশেদ চৌধুরী  
পরিচালক (অর্থনৈতিক উন্নয়ন বিভাগ), ইপসা

সম্পাদনা  
সহযোগী

নেওয়াজ মাহমুদ  
প্রোগ্রাম ম্যানেজার, অর্থনৈতিক উন্নয়ন বিভাগ, ইপসা

মোঃ ইমাম উদ্দীন খান  
প্রকল্প সমন্বয়কারী, ইকো ট্যুরিজম প্রকল্প, ইপসা

ফটোগ্রাফী

ইপসা আর্কাইভ ও ইমপ্রেসিভ কমিউনিকেশনস্ লিমিটেড

প্রকাশক

ইপসা (ইয়ং পাওয়ার ইন সোশাল এ্যাকশন)

নকশা ও মুদ্রণ


ইমপ্রেসিভ কমিউনিকেশনস্ লিমিটেড

প্রকল্পের কর্ম-এলাকা	০৪	২৬	বিউটি পার্লার
ট্যুর গাইড	০৬	২৭	টয়লেট ও বাথরুম
হোমস্টে	০৮	২৮	ব্যাগ লকার
ফটোগ্রাফি	১০	২৯	ট্যুর অপারেটর
ক্যাটারিং / ফুড অ্যান্ড স্ন্যাকস / ফুড অ্যান্ড বেভারেজ	১২	৩০	স্থানীয় ফল/ঝাল মুড়ি বিক্রেতা
মোবাইল ব্যাংকিং	১৪	৩১	হস্তশিল্প
বোট রাইডিং	১৬	৩২	হাইকিং/ট্রেইল ট্রেকিং
কায়াকিং	১৮	৩৪	ব্রেস্ট ফিডিং কর্নার
এ্যাঙ্গলিং	২০	৩৬	কমফোর্ট চেয়ার
ক্যাম্পিং	২২	৩৮	শিশুদের বিনোদন সেবা
পরিবহন	২৪	৩৯	ওজন ও পরিমাপ সংশ্লিষ্ট সেবা

## প্রকল্পের কর্ম-এলাকা

সীতাকুণ্ড	মীরসরাই
ভাটিয়ারি লেক, কুমিরা ঘাট ও সমুদ্র সৈকত, বাঁশবাড়ীয়া সমুদ্র সৈকত, গুলিয়াখালি সমুদ্র সৈকত, সীতাকুণ্ড ইকোপার্ক (সুগুধারা, সহস্রধারা ঝরনা), সীতাকুণ্ড চন্দ্রনাথ পাহাড় ও বাঁরৈয়ারঢালা জাতীয় উদ্যান (সহস্রধারা-২ ঝরনা, রূপসী ঝরনা)	মহামায়া ইকোপার্ক ও রাবার ড্যাম, খৈয়াছড়া ঝরনা, নাপিতাছড়া ঝরনা কমলদহহুদ ও ঝরনা





## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 পাহাড়ে ভ্রমণের সময় লাঠি সঙ্গে নেব। পর্যটকদের লাঠি ব্যবহারের পরামর্শ দেব।
- 📍 ভ্রমণের সময় ট্রেকিং সু ও অ্যাংলেট পরিধান করব। পর্যটকদের ব্যবহারের পরামর্শ দিব।
- 📍 ঝরনার শিখরে উঠব না। পর্যটকদের উঠতে নিরুৎসাহিত করব।
- 📍 সাঁতার না জানা পর্যটকদের ঝরনার পানিতে নামতে সাবধানতা অবলম্বনের পরামর্শ দেব।
- 📍 দুর্গম পাহাড়ি পথ ও ঝরনায় চলার পথে পিচ্ছিল ও বিপদজনক স্থান এড়িয়ে চলব। পর্যটকদের পরামর্শ দেব।
- 📍 সন্ধ্যার পর ঝরনায় যাব না। পর্যটকদের নিরুৎসাহিত করব।
- 📍 সূর্যাস্তের আগে ভ্রমণ শেষ করে ফিরে আসব।
- 📍 অতি বৃষ্টি/পাহাড়ি ঢলে ঝরনা ও পাহাড়ে ভ্রমণে যাব না। পর্যটকদের নিরুৎসাহিত করব।
- 📍 ভ্রমণের সময় পানি, শুকনো খাবার, প্রয়োজনীয় ওষুধ ও ফার্স্ট এইড বক্স সঙ্গে রাখব।
- 📍 পর্যটন এলাকার পরিবেশ, দর্শনীয় স্থান, প্রত্নতত্ত্ব, কৃষ্টি ও কালচার সম্পর্কে জানতে উৎসাহিত করব।





## প্রতিবেশ বিষয়ক

- ☉ ধূমপান থেকে বিরত থাকব। অগ্নিকাণ্ডের কারণ হয় এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকব। পর্যটকদের বিরত রাখব।
- ☉ ভ্রমণের সময় বন্যপ্রাণিকে (সাপ, বানর, পাখি, হরিণ, বনমোরগ, গুইসাপ, প্রজাপতি, কীটপতঙ্গ) বিরক্ত করব না। এ বিষয়ে পর্যটকদের সাবধান করব।
- ☉ ভ্রমণের সময় পর্যটন স্থানের গাছের ডাল-ফুল ছিঁড়ব না। এমন কাজে নিরুৎসাহিত করব।
- ☉ ভ্রমণের সময় খাবারের প্যাকেট, প্লাস্টিকের বোতল, পলিথিন ইত্যাদি অপচনশীল দ্রব্য নির্দিষ্ট স্থানে ফেলব বা প্রয়োজনে সাথে রেখে দেব।
- ☉ পাহাড় থেকে পাথর বা খনিজ দ্রব্য নিয়ে আসা থেকে বিরত থাকব। পর্যটকদের এমন কাজ থেকে বিরত রাখব।
- ☉ পাহাড় ও বারনায় ভ্রমণের সময় উচ্চ শব্দ করা থেকে বিরত থাকব। পর্যটকদের হৈ-ছল্লোড়, উচ্চশব্দে গান বাজনা করা থেকে বিরত রাখব।
- ☉ বারনা/সরোবর/ঝিরির পানিতে কোন ক্যামিকেল, দূষিত দ্রব্য ফেলব না। পর্যটকদের এমন কাজে বিরত রাখব।
- ☉ উন্মুক্ত স্থানে মল-মূত্র ত্যাগ পরিহার করব। পর্যটকদের এমন কাজে বিরত রাখব।



## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- বাসায় ব্যবহৃত তৈজসপত্র, টেলিভিশন, আসবাবপত্র ইত্যাদি সবসময় পরিচ্ছন্ন রাখব। পর্যটকদের ব্যবহারে যত্নশীল হতে পরামর্শ দেব।
- ময়লা-আবর্জনা নির্দিষ্ট ডাস্টবিনে রাখব। হোমস্টেতে অবস্থানকালে উচ্ছিষ্ট নির্ধারিত ডাস্টবিনে ফেলতে পরামর্শ দেব।
- রান্নাঘর, টয়লেট, বাথরুম যথাসম্ভব পরিচ্ছন্ন রাখব। পর্যটকদের পরিচ্ছন্ন রাখতে পরামর্শ দেব।
- নির্ধারিত সময়ের মধ্যে (রাত ১০টা) বাসায় ফিরতে অনুরোধ করব।
- গ্যাসের চুলা, ইলেকট্রিক যন্ত্রপাতি ব্যবহারে সর্বদা সাবধানতা অবলম্বন করব। পর্যটকদের ব্যবহারে সাবধানতা অবলম্বনের পরামর্শ দেব।
- বাসার কেয়ারটেকার ও আশেপাশে অবস্থানকারীদের সাথে ভদ্র আচরণ করব। পর্যটকদের ভাল আচরণের পরামর্শ দেব।
- দেশবিরোধী, অবৈধ ও অসামাজিক কাজ থেকে বিরত থাকব। বাসায় অবস্থানকালে পর্যটকদের এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকার পরামর্শ দেব। বাসা থেকে চেক আউটের (নির্ধারিত সময়) সময় বিছানা, মেঝে, বাথরুম, টয়লেট যথাসম্ভব পরিচ্ছন্ন রেখে বের হতে পর্যটকদের পরামর্শ দেব।
- বিদ্যুৎ ও পানি ব্যবহারে সাক্ষর হব। বাসা থেকে বের হওয়ার সময় পানির ট্যাপ, বৈদ্যুতিক লাইটের সুইচ নিজ দায়িত্বে বন্ধ করতে অনুরোধ করব।
- পর্যটন এলাকার ট্যুরগাইডসহ বিভিন্ন সেবাদাতাদের সাথে সমন্বয় করে পর্যটকদের সেবা নিশ্চিত করব।
- পর্যটকদের নিবন্ধিত সার্ভিস প্রোভাইডারদের কাছ থেকে সেবা গ্রহণের পরামর্শ দেব।
- হোমস্টে উন্নয়নে চেকআউটের আগে প্রয়োজনীয় পরামর্শ দিতে পর্যটকদের অনুরোধ করব।

হোমস্টে

০২



## প্রতিবেশ বিষয়ক

- 📍 হোমস্টের আশেপাশে গাছ, ফুলের গাছ দিয়ে শোভা বর্ধন করব। ফুল ও ফল ছেঁড়া থেকে বিরত থাকার অনুরোধ করব।
- 📍 বাসায় অবস্থানকালে উচ্চস্বরে গান, বাদ্য, কথাবলা থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- 📍 ধর্মীয় স্থানের পবিত্রতা রক্ষা করব। চারপাশ পরিচ্ছন্ন রাখতে সহায়তা করব। পর্যটকদের এমন কর্মকাণ্ডে উৎসাহিত করব।
- 📍 এমন কোন ডিভাইস/যন্ত্র ব্যবহার করব না যা পরিবেশের ক্ষতি করে। হোমস্টেতে থাকাকালে পর্যটকদের এ ধরনের যন্ত্র বা ডিভাইস ব্যবহারে নিরুৎসাহিত করব।
- 📍 হোমস্টের চারপাশে দেশীয় ফলের গাছ যেমন: আম, কাঠাল, পেপে, পেয়ারা, জামরুল, জাম, কলা, লিচু ইত্যাদি ফলজ গাছ সমৃদ্ধ করব। যাতে পর্যটকগণ হাতের নাগালে সতেজ ফল ক্রয় করে খেতে পারেন।
- 📍 হোমস্টের সামনে আধুনিক পদ্ধতিতে বাহারী রঙিন মাছচাষের মাধ্যমে পর্যটকদের বিনোদন এর ব্যবস্থা করবো। এবং পরিবেশ সংরক্ষণে সহায়তা করবো।

# ০৩ ফটোগ্রাফি



## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- ⦿ বিপদজনক স্থানে-গাছের ডালে সেলফি/ছবি তুলব না। পর্যটকদের এমন কাজে নিরুৎসাহিত করব।
- ⦿ ভ্রমণের সময় পাহাড়ের চূড়ায়/ কিনারায়/ গিরিখাদের কিনারায় গিয়ে পর্যটকদের ছবি তুলব না। এমন স্থানে গিয়ে ছবি তুলতে নিষেধ করব।
- ⦿ ঝরনার উপরে বা সমুদ্রের পানিতে গিয়ে বিপদজনক স্থানে পর্যটকদের ছবি তুলব না। এমন স্থানে সেলফি/ছবি তুলতে বারণ করব।
- ⦿ ছবি তোলা সময় অন্যদের প্রাইভেসি নষ্ট হয় এমন কার্যকলাপ থেকে বিরত থাকব। পর্যটকদের এ ধরনের কাজ থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- ⦿ যে স্থানে ছবি তোলা নিষেধ সে স্থানে ছবি তুলব না এবং তা পর্যটকদের অবহিত করব।
- ⦿ অনুমোদন সাপেক্ষে দর্শনীয় স্থান ও প্রসিদ্ধ স্থাপনার (মসজিদ, মন্দির, গির্জা) ছবি তুলব। পর্যটকদের নিয়ম মেনে ছবি তুলতে উৎসাহিত করব।

## প্রতিবেশ বিষয়ক



- 📍 প্রাণি ও উদ্ভিদের স্বাভাবিক পরিবেশের ক্ষতি (গাছের ডাল ভাঙ্গা, পাতা, ফুল ছেঁড়া) হয় এমন স্থানে ছবি তোলা থেকে বিরত থাকব। পর্যটকদের এমন কাজ থেকে বিরত রাখব।
- 📍 ছবি তোলার সময় বন্য প্রাণির প্রতি সহানুভূতিশীল থাকব। পর্যটকদের বন্যপ্রাণির সাথে বিরূপ আচরণ করা থেকে বিরত রাখব।
- 📍 অতি উজ্জ্বল আলো প্রাণির বিরক্তি ও ভীতির সঞ্চার করে। তাই ছবি তোলার সময় ফ্লাশলাইট ব্যবহারে সতর্ক থাকব। পর্যটকদের আলো ব্যবহারে পরিমিত হতে অনুরোধ করব।
- 📍 অসামাজিক কর্মকাণ্ড ও নেশা দ্রব্য সেবনে পর্যটকদের বিরত রাখতে উৎসাহিত করব।



## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দোকান নিবন্ধন করব।
- পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করব। ধর্মানুভূতি মাথায় রেখে ক্রেতাদের চাহিদা অনুযায়ী খাবার সরবরাহ (হালাল, পাতায় সরবরাহ) করব। তীর্থ যাত্রীদের চাহিদা অনুযায়ী রান্নার আয়োজন করব।
- খাবার তালিকায় স্থানীয়ভাবে উৎপাদিত কীটনাশক মুক্ত অর্গানিক সবজি, মাছ ও মাংস মেনু হিসাবে রাখব।
- পচনশীল উপাদানে তৈরি একবার ব্যবহারযোগ্য বক্স, প্লেট, গ্লাস, চামচ ইত্যাদি ব্যবহার করব।
- পচা ও বাসি খাবার সরবরাহ থেকে বিরত থাকব।
- পর্যটকদের সাথে ভালো ব্যবহার করব। ন্যায্যমূল্যে খাবার সরবরাহ করব।
- বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করব। বিশুদ্ধ পানি পানে পর্যটকদের উৎসাহিত করব।
- তৈজসপত্র প্রতিদিন পরিষ্কার করব। খাদ্য তৈরি থেকে পরিবেশন পর্যন্ত সকল স্তরে পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসচেতনতা (হ্যান্ড গ্লাভস, হেয়ার ক্যাপ, মাস্ক পরিধান) মেনে চলব।
- ভেজাল ও রাসায়নিক পদার্থ মিশ্রিত খাদ্য বিক্রি থেকে বিরত থাকব।
- বিএসটিআই অনুমোদিত পণ্য বিক্রয় করব। পর্যটকদের এ জাতীয় পণ্য কেনার পরামর্শ দেব।
- মেয়াদ উত্তীর্ণ খাবার ও পানীয় বিক্রয় করব না। পর্যটকদের উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ দেখে ক্রয় করার পরামর্শ দেব।
- পর্যটকদের দেশীয় খাবার ও পানীয় ব্যবহারে উৎসাহ দেব।
- পর্যটন এলাকার ব্যবসায়ী সমিতির অর্ন্তভুক্ত হয়ে ব্যবসা পরিচালনা করব।

ক্যাটারিং / ফুড অ্যান্ড স্ন্যাক্স /  
ফুড অ্যান্ড বেভাজারেজ

০৪





### প্রতিবেশ বিষয়ক

- 📍 উচ্ছিষ্ট ও বর্জ্য পদার্থ নির্ধারিত স্থানে ফেলব। এ বিষয়ে পর্যটকদের উৎসাহিত করব।
- 📍 পর্যটকদের জন্য খাবার হোটেলে টয়লেটের ব্যবস্থা করব।
- 📍 ভ্রমণে পরিবেশবান্ধব খাবার গ্রহণে পর্যটকদের উদ্বুদ্ধ করব।
- 📍 দূরের ভ্রমণে খাদ্য প্যাকেটজাতকরণে প্লাস্টিক/পলিথিনের মোড়ক ব্যবহার থেকে বিরত থাকব।
- 📍 খাবার পরিবেশনে বাঁশ, কাঠ ও মাটির তৈজসপত্র ব্যবহার করব। এমন পাত্রে খাবার গ্রহণে পর্যটকদের উৎসাহিত করব।



# ০৫ মোবাইল ব্যাংকিং

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- বিকাশের সতর্কতা মানতে পর্যটকদের পরামর্শ দেব।
- লেনদেনে পর্যাপ্ত খুচরা টাকার ব্যবস্থা রাখব।
- পর্যটকদের জন্য বসার চেয়ারের ব্যবস্থা রাখব।
- পর্যটনের মত দোকান সাজাব।
- জাল টাকার লেনদেন করব না। এ বিষয়ে সতর্ক করব।
- নগদ অ্যাপসকে উৎসাহিত করব।
- পর্যটকদের ব্যক্তিগত লেনদেনের নিরাপত্তা নিশ্চিত প্রতিজ্ঞাবদ্ধ থাকব।
- অপ্রাপ্ত বয়স্কদের যাচাই সাপেক্ষে লেনদেনে সহায়তা করব।
- অবৈধ লেনদেন করব না। পর্যটকদের নিরুৎসাহিত করব।







# ০৬ বোট রাইডিং

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- বোটে ভ্রমণের সময় লাইফ জ্যাকেট পরিধান করব। পর্যটকদের লাইফ জ্যাকেট পরিধানের পরামর্শ দেব।
- ভ্রমণের সময় পর্যটকদের সাথে অশোভন আচরণ করব না। পর্যটকদেরও সুন্দর ও মার্জিত আচরণের অনুরোধ করব।
- সমুদ্রের গভীরে বোট নিয়ে ভ্রমণে যাব না। পর্যটকদের সতর্কতা অবলম্বনের পরামর্শ দেব।
- জোয়ার-ভাটার সময়সূচি মেনে বোট রাইডিং করব। পর্যটকদের নিয়ম মেনে বোট রাইডিং করতে অনুরোধ করব।
- সঙ্ক্যার পর বোট রাইডিং করব না।
- ভ্রমণে যাওয়ার আগে বোটে জ্বালানি ও অন্যান্য যন্ত্রাংশ ঠিক আছে কি না তা জেনে নেব।
- ভ্রমণে অতিরিক্ত যাত্রী বহন করব না।
- পর্যটকদের বোটে ওঠানামায় সিঁড়ির ব্যবস্থা রাখব।
- শিশু ও প্রতিবন্ধী পর্যটকদের জন্য উপযুক্ত ব্যবস্থা রাখব।





## প্রতিবেশ বিষয়ক

- ১ পরিবেশ ও প্রাণি বিচরণে ক্ষতি করে এমন বোটে ভ্রমণ থেকে বিরত থাকব।
- ২ বোট ভ্রমণে খাবার প্যাকেট সঙ্গে নেব না।
- ৩ সাগরের পানিতে খাবারের প্যাকেট, প্লাস্টিক, পানির বোতল, পলিথিন ইত্যাদি অপচনশীল দ্রব্য ছুঁড়ে ফেলব না।
- ৪ বোটে ছবি তোলার সময় পর্যটকদের সতর্কতা অবলম্বনের পরামর্শ দেব।
- ৫ বোটে ভ্রমণের সময় জলজ প্রাণি ও পাখিদের বিরক্ত করা (বক/বাদুর/পানকৌড়ি), টিল ছোঁড়া ইত্যাদি থেকে বিরত থাকব। পর্যটকদের এ ধরনের কাজ থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- ৬ ইঞ্জিনচালিত নৌকা বা অন্যান্য বাহন ব্যবহারে বিরত থাকব। পানিতে তেল জাতীয় পদার্থ ফেলা/ নিষ্ক্ষেপ থেকে বিরত থাকব।
- ৭ সৌরচালিত নৌকা ব্যবহারে পর্যটকদের উৎসাহিত করব।

# ০৭ কаяাকিং

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নেব। অনুমোদিত কаяাকিং সার্ভিস ব্যবহারে পর্যটকদের উৎসাহিত করব।
- 📍 প্রশিক্ষিত ইনস্ট্রাক্টরের নির্দেশনা মেনে পর্যটকদের কаяাকিং করতে অনুরোধ করব।
- 📍 সাঁতার না জানলে কаяাকিং করতে নিরুৎসাহিত করব।
- 📍 কаяাক বোটের উপর দাঁড়ানো, কаяাক বোট থেকে পানিতে লাফ দেয়া প্রভৃতি কাজ থেকে পর্যটকদের বিরত থাকার অনুরোধ করব।
- 📍 কаяাকিংয়ের সময় হেলমেট ও লাইফ জ্যাকেট পরিধানের পরামর্শ দেব।
- 📍 বাড়, বৃষ্টি, দুর্যোগপূর্ণ আবহাওয়ায় কаяাকিং পরিহার করতে পর্যটকদের অনুরোধ করব।
- 📍 কаяাকিং না জানলে পর্যটকদের নিরুৎসাহিত করব।
- 📍 শিশুদের কаяাকিং থেকে বিরত রাখার অনুরোধ করব।
- 📍 কаяাকিং কালে ছবি তোলার ক্ষেত্রে সতর্ক থাকার পরামর্শ দেব।
- 📍 নির্দেশিত সময়ের মধ্যে ভ্রমণ শেষ করে চলে আসতে পর্যটকদের অনুরোধ করব।
- 📍 কаяাকিংয়ের সময় ব্যাকপ্যাক সঙ্গে না রাখতে অনুরোধ করব।
- 📍 কаяাকিংয়ের সময় খাবার গ্রহণ থেকে বিরত থাকার অনুরোধ করব।
- 📍 সাঁতারে অসুবিধা হয় এমন পোশাক পরিধান না করার পরামর্শ দেব।
- 📍 মাদক দ্রব্য গ্রহণ ও অসামাজিক কার্যক্রম থেকে বিরত থাকতে সতর্ক করব।
- 📍 ভ্রমণের জন্য নির্ধারিত স্থান ছাড়া অন্য কোন স্থানে না নামা, বন্যপ্রাণির আক্রমণের শিকার হতে পারে এমন স্থানে যাওয়া থেকে বিরত থাকতে সতর্ক করব।





## প্রতিবেশ বিষয়ক

- ১. পরিবেশ ও প্রাণি বিচরণে ক্ষতি করে এমন স্থানে কায়াক করা থেকে বিরত থাকার অনুরোধ করব।
- ২. হৃদ/লেকের পানিতে খাবারের প্যাকেট, প্লাস্টিক, পানির বোতল, পলিথিন ইত্যাদি অপচনশীল দ্রব্য ছুঁড়ে ফেলতে নিষেধ করব।
- ৩. কায়াকে ভ্রমণের সময় জলজ প্রাণি ও পাখিদের ক্ষতি হয় এমন কাজ থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- ৪. যাতে জলজ প্রাণির ক্ষতি না হয় তাই পানিতে অতিরিক্ত আলোড়ন তৈরি না করতে অনুরোধ করব।
- ৫. লেকের শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সহায়তার অনুরোধ জানাব।
- ৬. মাছ ও পাখি শিকার থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- ৭. কায়াকিং এর আগে টয়লেট সেরে নেয়ার পরামর্শ দেব।


### ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 নিবন্ধিত দোকান থেকে মাছ শিকারের উপকরণ সংগ্রহে পর্যটকদের পরামর্শ দেব।
- 📍 বিপদজনক স্থানে মাছ শিকার না করতে সতর্ক করব।
- 📍 গভীর নদীতে বা সমুদ্রে গিয়ে মাছ শিকার না করার পরামর্শ দেব।
- 📍 নৌকায় বসে বড়শিতে মাছ ধরার সময় সদাসতর্ক থাকতে অনুরোধ করব।
- 📍 এ্যাঙ্গলিং এর সময় ফাস্ট এইড বক্স সাথে রাখার পরামর্শ দেব।
- 📍 বৈরি পরিবেশে মাছ শিকারে বিরত থাকার অনুরোধ করব।
- 📍 আবহাওয়ার পূর্বাভাস ও সতর্কতা সংকেত মেনে চলার পরামর্শ দেব।
- 📍 বিপদ চিহ্নিত স্থান এড়িয়ে চলতে সতর্ক করব।



## প্রতিবেশ বিষয়ক

- 📍 মাছ শিকারে গিয়ে অন্য প্রাণি শিকার (বক, পান কৌড়ি, অতিথি পাখি) থেকে বিরত থাকতে পর্যটকদের পরামর্শ দেব।
- 📍 মাছ শিকারের সময় বিষক্রিয়া হয় এমন দ্রব্য ব্যবহার করব না। পরিবেশবান্ধব মাছের টোপ ব্যবহারের পরামর্শ দেব।
- 📍 মাছ শিকারে গিয়ে সঙ্গে থাকা খাবারের উচ্ছিষ্ট অংশ, প্লাস্টিকের প্যাকেট, খালি বোতল পানিতে ফেলা থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- 📍 মাছ শিকারে গিয়ে আগুন প্রজ্বলন, পরিবেশের ক্ষতি হয় এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকতে পর্যটকদের পরামর্শ দেব।
- 📍 ডিমগালা মা মাছ শিকার থেকে বিরত থাকার অনুরোধ করব।
- 📍 মাছ শিকারের পর প্রাসঙ্গিক সুতা, বড়শি ও অন্যান্য যন্ত্রাংশ গুছিয়ে সরিয়ে নিয়ে আসতে অনুরোধ করব। ফেলে এলে এগুলোতে পাখি, বক বা অন্যান্য প্রাণি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা থাকে।
- 📍 অন্য কোন প্রাণি শিকার না করতে পর্যটকদের সতর্ক করব।



## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- ১. অনিরাপদ স্থানে তাঁবু ক্যাম্পিং থেকে বিরত থাকতে অনুরোধ করব। বন্যপ্রাণির চলাচল আছে এমন স্থানে ক্যাম্প না করতে পরামর্শ দেব।
- ২. যথাযথ কর্তৃপক্ষের কাছে নিবন্ধন করা, স্থানীয় কর্তৃপক্ষের অনুমোদিত ক্যাম্পিং সার্ভিস ব্যবহার করতে পর্যটকদের উদ্বুদ্ধ করব।
- ৩. সমুদ্রের একেবারে কাছে বা গহীন জঙ্গলে ক্যাম্পিং থেকে বিরত থাকতে অনুরোধ করব।
- ৪. তাঁবু ক্যাম্পিং চলাকালে শব্দ দূষণ হয় এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকতে অনুরোধ করব।
- ৫. সৈকত কমিটি/ অন্যান্য নিরাপত্তার দায়িত্বে থাকা ব্যক্তিদের অবগত করে ক্যাম্পিং করব। প্রয়োজনে নিরাপত্তা প্রহরীর সহায়তায় পর্যটকদের নিরাপত্তার ব্যবস্থা করব।
- ৬. সামাজিক ও রাষ্ট্রীয় আইনের পরিপন্থি এমন কাজ থেকে বিরত থাকতে পর্যটকদের অনুরোধ করব।
- ৭. মাদক দ্রব্য গ্রহণে বিরত থাকতে পর্যটকদের সতর্ক করব।
- ৮. অনুমোদিত চুলা ব্যবহার, ক্যাম্পফায়ারের অনুমতি নিতে পরামর্শ দেব।
- ৯. ফাস্ট এইড বক্স ও প্রয়োজনে চিকিৎসকের মোবাইল নম্বর সাথে রাখতে অনুরোধ করব।
- ১০. পর্যটকদের জন্য টর্চলাইটের ব্যবস্থা রাখব।
- ১১. নিবন্ধিত ক্যাটারিং সার্ভিসের খাবার গ্রহণে উৎসাহিত করব।

তাঁবু ক্যাম্পিং

০৫



## প্রতিবেশ বিষয়ক

- ১. পরিবেশের ক্ষতি না করে তাঁবু ক্যাম্পিং করতে পর্যটকদের অনুরোধ করব।
- ২. বন্যপ্রাণির প্রতি সহানুভূতিশীল থাকব। শিকার থেকে বিরত থাকব। পর্যটকদের বিরত থাকতে অনুরোধ করব।
- ৩. ক্যাম্পিংয়ের সময় বন্যপ্রাণি বিরক্তি প্রকাশ করে এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকব।
- ৪. রাতের বেলা ক্যাম্পিংয়ের স্থানে মশাল জ্বালাতে গিয়ে ঘাস, গুলুলাতা-পাতা, সবুজায়ন নষ্ট হয় এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকব। পর্যটকদের এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকতে অনুরোধ করব।
- ৫. উচ্চস্বরে গান, বাদ্য বাজনা থেকে বিরত থাকব। পর্যটকদের অনুরোধ করব।
- ৬. ইভেন্ট শেষে ক্যাম্পিং স্থান পরিষ্কার রাখব। পর্যটকদের পরিচ্ছন্ন রাখতে অনুরোধ করব।
- ৭. নির্দিষ্ট স্থানে পয়ঃনিষ্কাশন ও তাঁবুর আশেপাশে পয়ঃনিষ্কাশন থেকে বিরত থাকতে পর্যটকদের সতর্ক করব।





### ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 নিবন্ধিত হয়ে পরিবহন সেবা দেব। পর্যটকদের নিবন্ধিত পরিবহনে ভ্রমণে উৎসাহিত করব।
- 📍 গাড়িতে থাকাকালে নিরাপত্তা বেল্ট/ সিট বেল্ট লাগাব। পর্যটকদের পরিধানের অনুরোধ করব।
- 📍 ভ্রমণের সময় পর্যটকের সাথে মার্জিত আচরণ করব। পর্যটকদের মার্জিত আচরণের অনুরোধ করব।
- 📍 যেখানে সেখানে পার্কিং করা থেকে বিরত থাকব। এ ব্যাপারে পর্যটকদের সহযোগিতা চাইব।
- 📍 ভ্রমণ এলাকার নির্ধারিত সময়সূচি মেনে পরিবহন সার্ভিস দেব। এ ব্যাপারে পর্যটককে অনুরোধ করব।
- 📍 বেশি রাত হলে পরিবহন সার্ভিস হতে বিরত থাকবে। পর্যটকদের ব্যবহার না করার অনুরোধ করব।
- 📍 ভ্রমণ শুরু হলে আগে জ্বালানি ও অন্যান্য যন্ত্রাংশ ঠিক আছে কি না তা জেনে নেব।
- 📍 মহাসড়কে ইউটার্ন দিয়ে গাড়ি ঘুরাব। কখনোই ইউটার্নে গাড়ি পার্কিং করব না।
- 📍 প্রয়োজনীয় খাবার ও পানীয় সাথে রাখব। পর্যটকদের সাথে রাখার পরামর্শ দেব।
- 📍 সড়কে পার্কিংয়ের জন্য নির্ধারিত স্থানে গাড়ি থামাব। যত্রতত্র থামিয়ে চলাচলের বিঘ্ন সৃষ্টি করব না।

## প্রতিবেশ বিষয়ক

- সড়ক ও পর্যটন স্পটে খাবারের প্যাকেট, প্লাস্টিক, পানির বোতল, পলিথিন ইত্যাদি অপচনশীল দ্রব্য ছুঁড়ে ফেলব না। পর্যটকদের এমন কাজে নিষেধ করব।
- দর্শনীয় স্থান, কৃষ্টি ও কালচার সম্পর্কে পর্যটকদের জানতে উদ্বুদ্ধ করব।
- সৌরশক্তি চালিত বাহন ব্যবহারে উৎসাহ দেব।
- নির্জন স্থানে/বনের সামনে বা জঙ্গলের এলাকায় দাঁড়াব না
- পার্কিং স্থানে/ নির্দিষ্ট স্থানে দাঁড়াব।
- যত্রতত্র হর্ন দিবো না।
- গাড়ির কালো ধোঁয়া বের করবো না।





### ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 যথাযথ কর্তৃপক্ষের কাছে নিবন্ধিত হয়ে বিউটিফিকেশন সেবা দেব। পর্যটকদের নিবন্ধিত পার্লার থেকে সেবা নিতে উদ্বুদ্ধ করব।
- 📍 বিউটি পার্লারে অর্গানিক উপকরণ ব্যবহার করব। পর্যটকদের ব্যবহারে উদ্বুদ্ধ করব।
- 📍 কৃত্রিম/ক্যামিকেলযুক্ত উপাদান ও ত্বকের ক্ষতি হয় এমন উপকরণ ব্যবহার করব না। পর্যটকদের এমন উপকরণ ব্যবহারে সতর্ক করব।
- 📍 অসামাজিক কার্যক্রম থেকে বিরত থাকব। পর্যটকদের বিরত থাকতে সতর্ক করব।

### প্রতিবেশ বিষয়ক

- 📍 বিউটি পার্লারের আবর্জনা, ময়লা ইত্যাদি নির্দিষ্ট স্থানে ফেলব। পরিবেশ রক্ষায় সহায়তা করব।



## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 ভ্রমণের সময় জলাশয় ও উন্মুক্ত স্থানে মল-মূত্র ত্যাগ থেকে বিরত থাকতে পর্যটকদের অনুরোধ করব।
- 📍 টয়লেট ও বাথরুম ব্যবহার শেষে ভালো করে পানি দিতে অনুরোধ করব।
- 📍 ব্যবহৃত টিস্যু/ন্যাপকিন নির্ধারিত বিনে ফেলতে অনুরোধ করব।
- 📍 পরিষ্কার পানির সরবরাহ নিশ্চিত করব। অযথা পানি অপচয় করব না। পানি ব্যবহারে সশ্রয়ী হওয়ার পরামর্শ দেব।
- 📍 টয়লেট ও বাথরুমে সাবান, হ্যান্ডওয়াশের ব্যবস্থা রাখব।
- 📍 টয়লেট ও বাথরুমে ময়লা আর্বজনা ফেলতে বিন ব্যবহারে পর্যটকদের অনুরোধ করব।
- 📍 পর্যটকদের জন্য পে-বেইজড ব্যাগ, মোবাইল ইত্যাদি রাখার নির্দিষ্ট জায়গা/ লকার সিস্টেম চালু রাখব। পর্যটকদের এই সেবা গ্রহণে উদ্বুদ্ধ করব।
- 📍 টয়লেট ও বাথরুমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখব।
- 📍 সব কিছু সুন্দর করে সাজিয়ে রাখব।
- 📍 বিদ্যুৎ অপচয় করব না। নিজ দায়িত্বে লাইট অফ করে বিদ্যুৎ সশ্রয়ী হতে পর্যটকদের উদ্বুদ্ধ করব।



## প্রতিবেশ বিষয়ক

- 📍 উন্মুক্ত স্থানে মল-মূত্র ত্যাগ থেকে বিরত থাকব। পর্যটকদের এমন কাজে নিষেধ করব।
- 📍 পাহাড় থেকে নেমে আসা বারনা, সমুদ্র ও জলাশয়ে পয়ঃনিষ্কাশন থেকে বিরত থাকতে পর্যটকদের অনুরোধ করব।

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 নির্দিষ্ট সময়ের উপর সার্ভিস চার্জ নেব। টোকেনের মাধ্যমে ব্যাগ ও মূল্যবান সামগ্রী সংরক্ষণ করব। পর্যটকদের এই সিস্টেমে উৎসাহিত করব।
- 📍 নির্দিষ্ট সময়ের মধ্যে ব্যাগ-লাগেজ ফেরৎ নিতে পর্যটকদের অনুরোধ করব।
- 📍 নিরাপত্তার নিজের মোবাইল নম্বরটি পর্যটকদের সরবরাহ করব।
- 📍 ব্যাগে অবৈধ জিনিস না রাখার অনুরোধ করব।



## প্রতিবেশ বিষয়ক

- 📍 পচনশীল বা দুর্গন্ধ ছড়াতে পারে এমন কোন দ্রব্য রাখা থেকে বিরত থাকতে পর্যটকদের পরামর্শ দেব।



# ১৪ ট্যুর অপারেটর

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- নিবন্ধিত ট্যুর অপারেটর থেকে সার্ভিস নিতে পর্যটকদের উদ্বুদ্ধ করব।
- নিবন্ধিত সকল সার্ভিস নিশ্চিত করার মাধ্যমে পর্যটকদের সেবা দেব। পর্যটকদের নিবন্ধিত সকল সার্ভিস থেকে সেবা গ্রহণে উদ্বুদ্ধ করব।
- সকল সার্ভিস একত্রে প্যাকেজ আকারে উপস্থাপন করব। এভাবে ট্যুর প্যাকেজের মাধ্যমে পর্যটকদের সেবা নিশ্চিত করব।
- পর্যটন আইন মেনে ট্যুর প্যাকেজ পরিচালনা করব। পর্যটকদের আইন মেনে ভ্রমণে উৎসাহিত করব।



## প্রতিবেশ বিষয়ক

- সড়ক ও পর্যটন স্পটে খাবারের প্যাকেট, প্লাস্টিক, পানির বোতল, পলিথিন ইত্যাদি অপচনশীল দ্রব্য ছুঁড়ে ফেলব না। পর্যটকদের এমন কাজে নিষেধ করব।
- দর্শনীয় স্থান, কৃষ্টি ও কালচার সম্পর্কে পর্যটকদের জানতে উদ্বুদ্ধ করব।
- সৌরশক্তিতে চালিত বাহন ব্যবহারে উৎসাহ দেব।
- এই নির্দেশিকার সকল বিষয় জানব।



## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 অস্বাস্থ্যকর, ভেজাল ও রাসায়নিক মিশ্রিত খাদ্য বিক্রয় থেকে বিরত থাকব। পর্যটকদের এ ধরনের খাবার ত্রয়ে থেকে বিরত থাকতে উৎসাহিত করব।
- 📍 স্থানীয়ভাবে ফল, কৃষিজদ্রব্য উৎপাদনে জৈব সার ব্যবহার করব। কীটনাশক ব্যবহার পরিহার করব। পর্যটকদের অর্গানিক ফল/সবজি ত্রয়ে উদ্বুদ্ধ করব।
- 📍 পর্যটকদের জন্য খাবার সরবরাহের পাত্রগুলো পরিষ্কার পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত রাখব।
- 📍 ফুড গ্রোড উপাদানে তৈরি খাবার পাত্র/ মাটির তৈরি পাত্র ব্যবহার করবো।
- 📍 খাবার তৈরি এবং পরিবেশনের সময় অ্যাপ্রোন, হ্যান্ড গ্লভস, মাস্ক পরিধান করবো।
- 📍 তাজা এবং টাটকা ফল/খাবার পরিবেশন করবো।
- 📍 পঁয়াজ এবং সালাদ কেটে দুই ঘণ্টার বেশি সংরক্ষণ করবো না।



## প্রতিবেশ বিষয়ক

- 📍 দ্রুত পচনশীল উপাদানে তৈরি প্যাকেট ব্যবহার করব।
- 📍 পলিথিন, প্লাস্টিকের তৈরি ব্যাগ/প্যাকেট ব্যবহার থেকে বিরত থাকবো।
- 📍 খাবার, বর্জ্য যেখানে সেখানে ফেলবো না।
- 📍 খাবারের বর্জ্য ফেলার জন্য ডাস্টবিন সংরক্ষণ করবো। পর্যটকদের ডাস্টবিন ব্যবহারে উৎসাহিত করবো।



### ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- হস্তশিল্প পণ্য তৈরিতে পরিবেশে বিরূপ প্রভাব সৃষ্টি করে এমন উপাদান ব্যবহার করব না। এমন উপাদানে তৈরি পণ্য ক্রয়ে পর্যটকদের নিরুৎসাহিত করব।
- হস্ত শিল্প পণ্য তৈরিতে ব্যক্তিগত সুরক্ষা (মাস্ক, হ্যান্ড গ্লভস, চশমা, অ্যাপ্রোন) নিশ্চিত করবো এবং ধারালো যন্ত্র ব্যবহারে সতর্ক থাকবো।

### প্রতিবেশ বিষয়ক

- পণ্য তৈরিতে পরিবেশবান্ধব স্থানীয় উপকরণ ব্যবহার করব।
- পণ্য তৈরিতে পরিবেশবান্ধব উপকরণ ব্যবহার করবো।
- পণ্য তৈরিতে রাসায়নিক রং ব্যবহার করবো না।
- পরিবেশবান্ধব ভেজ রঙ ব্যবহার করবো।
- হস্তশিল্প পণ্য তৈরিতে কোন প্রকার প্রাণির অঙ্গ (চামড়া, শিং, লোম, হাড়) ব্যবহার করবো না। প্রাণির অঙ্গ দিয়ে তৈরি পণ্য ক্রয়ে পর্যটকদের সাবধান করবো।
- পণ্য তৈরিতে সৃষ্ট আবর্জনা যত্রতত্র ফেলবো না। ডাস্টবিনে/মাটিতে গর্ত করে ফেলবো।



## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 হাইকিং/ট্রেইল ট্রেকিংয়ে পাহাড়ে ভ্রমণের সময় পর্যটকদের লাঠি ব্যবহারের পরামর্শ দেব।
- 📍 হাইকিং/ট্রেইল ট্রেকিংয়ে পর্যটকদের ট্রেকিং সু ও এংলেট ব্যবহারের পরামর্শ দেব।
- 📍 ঝরনার শিখরে উঠতে নিরুৎসাহিত করব।
- 📍 সাঁতার না জানা পর্যটকদের ঝরনার পানিতে নামতে সাবধানতা অবলম্বনের পরামর্শ দেব।
- 📍 দুর্গম পাহাড়ি পথ ও ঝরনায় চলার পথে পিচ্ছিল ও বিপদজনক স্থান এড়িয়ে চলতে সাবধানতার পরামর্শ দিব।
- 📍 সূর্যাস্তের আগে ট্রেকিং শেষ করে পর্যটকদের ফিরে আসার পরামর্শ দেব।
- 📍 অতি বৃষ্টি/পাহাড়ি ঢলে পর্যটকদের ঝরনা ও পাহাড়ে ট্রেকিং করতে নিরুৎসাহিত করব।
- 📍 ট্রেকিংয়ে পানি, শুকনো খাবার, প্রয়োজনীয় ওষুধ ও ফার্স্টএইড বক্স সঙ্গে রাখতে পর্যটকদের পরামর্শ দেব।





### প্রতিবেশ বিষয়ক

- 📍 ট্রেকিং এর সময় পর্যটকদের ধূমপান থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- 📍 ট্রেকিং এর সময় বন্যপ্রাণির (সাপ, বানর, পাখি, হরিণ, বনমোরগ, গুইসাপ, প্রজাপতি, কীটপতঙ্গ) প্রভৃতিকে বিরক্ত না করতে সাবধান করব।
- 📍 ট্রেকিং এর সময় পর্যটকদের পর্যটন স্থানের গাছের ডাল-ফুল ছিঁড়তে নিরুৎসাহিত করব।
- 📍 ট্রেকিং এর সময় খাবারের প্যাকেট, প্লাস্টিকের পানি, জুসের বোতল, পলিথিন ইত্যাদি অপচনশীল দ্রব্য নির্দিষ্ট স্থানে ফেলতে পর্যটকদের উৎসাহিত করব।
- 📍 পাহাড় থেকে পাথর খনিজ দ্রব্য নিয়ে আসা থেকে বিরত থাকব। পর্যটকদের এমন কাজে নিরুৎসাহিত করব।
- 📍 ট্রেকিং এর সময় বন্য প্রাণি ও বন্য প্রাণির চলাচলের রাস্তা সম্পর্কে জানবো এবং বন্য প্রাণির চলাচলের রাস্তা এড়িয়ে চলবো।

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 ব্রেস্ট ফিডিং কর্নারের আয়তন ৩.৫x৫ মিটার / ২.৫x২.৫ মিটার/২.৫x২ মিটার বা ৭x৭ ফুট- Lactation room design standard guideline অনুসারে ।
- 📍 ব্রেস্টফিডিং কর্নারটি পর্দা দ্বারা ভালোভাবে ঘেরা থাকতে হবে ।
- 📍 রুমে দরজা বন্ধ করার লক থাকতে হবে ।
- 📍 প্রয়োজনীয় জিনিসপত্র রাখার জন্য একটি টেবিল থাকতে হবে ।
- 📍 আরামদায়ক চেয়ার বা সোফা থাকতে হবে যাতে বসে মা তার শিশুকে দুগ্ধপান করাতে পারেন ।
- 📍 পরিষ্কার পানিসহ ওয়াশ বেসিন থাকতে হবে ।
- 📍 বুকের দুধ খাওয়ানোর প্রাথমিক পদ্ধতি ও উপকারিতা নির্দেশিকা সংবলিত পোস্টারের ব্যবস্থা থাকতে হবে ।
- 📍 ব্রেস্ট ফিডিং কর্নারে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা থাকতে হবে ।
- 📍 কোলাহলমুক্ত ,নিরাপদ এবং দূষণমুক্ত জায়গায় এটি স্থাপন করতে হবে ।
- 📍 ব্রেস্ট ফিডিং কর্নার পরিচালনার জন্য একজন নারী সহকারি থাকবেন ।
- 📍 টিস্যু বস্ত্র রাখতে হবে ।



## প্রতিবেশ বিষয়ক

- উন্মুক্ত স্থানে মল-মুত্র ত্যাগ থেকে বিরত থাকব। পর্যটকদের এমন কাজে নিষেধ করব।
- পাহাড় থেকে নেমে আসা বরনা, সমুদ্র ও জলাশয়ে পয়ঃনিষ্কাশন থেকে বিরত থাকতে পর্যটকদের অনুরোধ করব।
- বিন রাখব ও পর্যটকদের ব্যবহার করতে বলবো।



# ১৯ কমফোর্ট চেয়ার

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- কমফোর্ট চেয়ারে বসে মাদক সেবন ও অসামাজিক কার্যকলাপ থেকে বিরত থাকতে পর্যটকদের সতর্ক করব।
- গাদাগাদি করে কমফোর্ট চেয়ারে না বসতে অনুরোধ করব।
- নির্ধারিত সময়ের মধ্যে সেবা গ্রহণের অনুরোধ করব।
- বসার স্থানটি পরিচ্ছন্ন রাখার পরামর্শ দেব।
- কমফোর্ট চেয়ারটি পরিষ্কার পরিচ্ছন্ন রাখবো। পর্যটকদের পরিচ্ছন্ন রাখার পরামর্শ দেবো।
- নির্দিষ্ট ভাউচারের বিনিময়ে পর্যটকদের চার্জ পরিশোধে উৎসাহিত করবো।
- চেয়ারটি আকর্ষণীয়ভাবে সাজিয়ে রাখবো। যাতে পর্যটক বসতে আগ্রহী হয়।
- প্রতিটি কমফোর্ট চেয়ারের সাথে ডাস্টবিনের ব্যবস্থা রাখবো। পর্যটকদের ময়লা আবর্জনা ডাস্টবিনে ফেলার জন্য অনুরোধ করবো।



## প্রতিবেশ বিষয়ক

- 📍 কমফোর্ট চেয়ারে বসে এর চারপাশে ময়লা-আবর্জনা ফেলা থেকে বিরত থাকতে পর্যটকদের পরামর্শ দেব।
- 📍 প্রাকৃতিক পরিবেশ নষ্ট হয় এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকার পরামর্শ দেব।
- 📍 শব্দদূষণ হয় এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকতে পরামর্শ দেব।

## ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- 📍 শিশু বিনোদন কেন্দ্রের খেলনাগুলো এমন হবে যাতে শিশুরা আনন্দ পায়।
- 📍 খেলনাগুলো হবে শিক্ষণীয়- যেমন: নম্বর ব্লক, বর্ণমালা।
- 📍 খেলনাগুলো হতে হবে নিরাপদ এবং আরামদায়ক।
- 📍 শিশুরা কৌতুহল প্রিয়। তাই রোমাঞ্চকর খেলনাগুলো বিনোদনের জন্য রাখব।
- 📍 শিশুদের বিনোদন কেন্দ্র থাকবে স্বাস্থ্য ঝুঁকিমুক্ত ও মনোমুগ্ধকর পরিবেশ।
- 📍 শিশু বিনোদন কেন্দ্রের খেলনাগুলো যথাসম্ভব পরিষ্কার-পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত রাখব।
- 📍 শিশুদের বিনোদন সেবা নির্ধারিত মূল্যে নির্দিষ্ট ভাউচারের বিনিময়ে করব।
- 📍 অনিরাপদ ও ঝুঁকিপূর্ণ খেলনা শিশু বিনোদন কেন্দ্রে রাখা হবে না।
- 📍 সার্বক্ষণিক একজন নারী বিনোদন সহযোগী শিশুদের বিনোদনে সহায়তা করবে।
- 📍 শিশুদের মুখে দেয়া যায় এমন ছোট আকৃতির খেলনা রাখা হতে বিরত থাকবো।



## প্রতিবেশ বিষয়ক

- 📍 শিশু বিনোদন কেন্দ্রের চারপাশে বর্নিল বাহারী ফুলের গাছ থাকবে যাতে শিশুরা পুলকিত হয়।
- 📍 বর্জ্য ও আবর্জনা নিধারিত বীনে ফেলব ও পর্যটকদের ফেলতে উৎসাহিত করব।
- 📍 শিশু বিনোদন কেন্দ্রে উপকরণ তৈরীতে প্রাকৃতিক উপাদান ব্যবহারে সচেষ্ট থাকব।
- 📍 পরিবেশের ক্ষতি হয় এমন উপাদানে তৈরী খেলনা উপকরণ ব্যবহার করব না।

## ২৯ ওজন ও পরিমাপ সংশ্লিষ্ট সেবা



### ব্যক্তিগত সুরক্ষা বিষয়ক

- পর্ষটিক সমাগম বেশি হয় এমন স্থানে বা পর্ষটিকের চলাচলের রাস্তার পাশে ছায়াযুক্ত স্থানে ওজন স্কেলটি বসাবো। যাতে পর্ষটিকদের সেবা গ্রহণে সুবিধা হয়।
- ব্যবসায়ী সমিতিভুক্ত হয়ে সেবা দেব।
- গলায় আইডি/পরিচিতি কার্ড ব্যবহার করবো।
- নির্ধারিত মূল্য গ্রহণ করবো।
- ওজন ও উচ্চতা মাপার স্কেলটি সমতল জায়গায় বসাবো যাতে ওজনে তারতম্য না হয়।
- সেবা প্রদানকালে পরিচ্ছন্ন এবং আকর্ষণীয় পোশাক পরিধান করবো।
- পর্ষটিকদের বসার জন্য চেয়ারের ব্যবস্থা করবো।
- ওজন মাপার জন্য ডিজিটাল স্কেল ব্যবহার করবো। সপ্তাহে অন্তত একবার ক্যালিব্রেশন করবো।







ইপসা (ইয়ং পাওয়ার ইন সোশ্যাল এ্যাকশন)  
স্থায়ীত্বশীল উন্নয়নের জন্য সংগঠন

প্রধান কার্যালয়

বাড়ি- এফ ১০ (পি), রোড-১৩, ব্লক-বি  
চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম

ফোন: ০৩১-৬৭২৮৫৭

মোবাইল: ০১৭১১-৮২৫০৬৮

ই-মেইল- [info@ypsa.org](mailto:info@ypsa.org), [ypsa\\_arif@yahoo.com](mailto:ypsa_arif@yahoo.com)

ওয়েবসাইট- [www.ypsa.org](http://www.ypsa.org)

প্রকল্প কার্যালয়

ইপসা ইকো টুরিজম প্রকল্প

কোর অফিস, কলেজ রোড, (রেল ক্রসিং সংলগ্ন)

সীতাকুণ্ড, চট্টগ্রাম

মোবাইল: ০১৯৫৫-৫০৮৮৩১

ই-মেইল: [imamuddinypsa@gmail.com](mailto:imamuddinypsa@gmail.com)

ওয়েবসাইট: [www.ecotourismctg.com](http://www.ecotourismctg.com)